

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।  
[www.ebek-rdcd.gov.bd](http://www.ebek-rdcd.gov.bd)  
প্রশিক্ষণ ও মনিটরিং শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০২.২৫.০১৫.১৯.৯০

তারিখ: ২০ চৈত্র ১৪২৫

০৩ এপ্রিল ২০১৯

বিষয়: আমার বাড়ি আমার খামার প্রকল্পে কর্মরত জেলা সমন্বয়কারী, নবযোগদানকৃত ফিল্ড সুপারভাইজার ও ঢাকা বিভাগে নবযোগদানকৃত মাঠসহকারীগণের ০১দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসংগে।

আমার বাড়ি আমার খামার প্রকল্পে কর্মরত জেলা সমন্বয়কারী, নবযোগদানকৃত ফিল্ড সুপারভাইজার ও ঢাকা বিভাগে নবযোগদানকৃত মাঠসহকারীগণের সমন্বয়ে দিনব্যাপি ০১ দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে জনাব মো: কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের দিক নির্দেশনা প্রদানের সদয় সম্মতিজ্ঞাপন করেছেন। জনাব আকবর হোসেন- অতিরিক্ত সচিব, প্রকল্প পরিচালক এবং জনাব নজির আহমদ-যুগ্মসচিব, উপপ্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প উপস্থিত থেকে মাঠ পর্যায়ের কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। প্রশিক্ষণের সকল ব্যয় একটি বাড়ি একটি খামার প্রকল্প তহবিল হতে নির্বাহ করা হবে। সংশ্লিষ্ট সকলকে উক্ত প্রশিক্ষণে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও সময়	অংশগ্রহণকারী	স্থান
০৯/০৪/২০১৯ খ্রি. সকাল- ৮.৩০ ঘটিকা	সকল জেলা সমন্বয়কারী, নবযোগদানকৃত সকল ফিল্ড সুপারভাইজার এবং ঢাকা, ফরিদপুর, রাজবাড়ি, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাংগাইল, গাজীপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ ও নরসিংদী জেলায় নবযোগদানকৃত মাঠসহকারীগণ।	সমবায় অধিদপ্তরের মাল্টিপারপাস হল সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।

৩-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জেলা সমন্বয়কারী (সকল), আমার বাড়ি, আমার খামার প্রকল্প,  
----- জেলা।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০২.২৫.০১৫.১৯.৯০/১

তারিখ: ২০ চৈত্র ১৪২৫

০৩ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব , পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, ----- জেলা।
- ৩) উপপ্রকল্প (সকল) , আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, -----।
- ৫) উপপরিচালক, বিআরডিবি, -----।
- ৬) প্রোগ্রামার , আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
- ৭) উপজেলা সমন্বয়কারী , আমার বাড়ি আমার খামার প্রকল্প, -----।
- ৮) সংশ্লিষ্ট নথি, ----।



৩-৪-২০১৯

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক